www.ctgcollege.gov.bd
https://ctgcollege.eshiksabd.com
chittagongcollege1869@gmail.com
ctgcollege@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম
EIIN: 104532

নজরুল বর্ষ

# ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ১৭/০৯/২০২৫ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে চট্টগ্রাম কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আন্তঃ শিক্ষা বোর্ড / চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃক চূড়ান্ত মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি কার্যক্রম নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে। ভর্তি কার্যক্রম সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়া চলবে। *উল্লেখ্য, শিক্ষার্থীদের ভর্তি নিশ্চায়ন ১৮.০৯.২০২৬ খ্রি. তারিখ রাত ৮:০০ টা পর্যন্ত করতে পারবে।*

১। চট্টগ্রাম কলেজে ভর্তি কার্যক্রম **আগামী ২০.০৯.২০২৬ খ্রি. তারিখ থেকে** ভর্তির ওয়েব সাইট **http://ctgcollege.eshiksabd.com** এ **User Name: ctgstudent, Password: ctgstudent** লিখে লগইন করে **Sign in** করা পেইজে **Admission** বাটন ক্লিক করলে **Click for New Admission** বাটন ক্লিক করতে হবে। **Select Department (HSC-Science / HSC-Humanities)** এবং **Enter SSC Roll (6 Digit)** ঘর দুটি পূর্ণ করে **Check for Admission** বাটন ক্লিক করলে ভর্তি ফরম **Open** হবে। ভর্তি ফরমে চাহিত সকল তথ্যাদি সঠিকভাবে পূরণ করে **Submit** বাটন ক্লিক করলে আবেদন সম্পন্ন হবে এবং আবেদন ফরমটি প্রিন্ট করে নিতে হবে। ভর্তি ফরমে অবশ্যই সদ্য তোলা ছবি ব্যবহার করতে হবে। আবেদন ফরমের নীচে বাম পাশে প্রয়োজনীয় ভর্তি ফি (উপায়/বিকাশ/রকেট/সোনালী ই-ওয়ালেট/সেল-পিন) এর মাধ্যমে পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর কলেজ আবেদন ফরমে ব্যবহৃত মোবাইল নম্বরে ক্লাস রোল নম্বরসহ এসএমএস (**SMS**) পাবে। ভর্তি ফি বাবদ বিজ্ঞান শাখার জন্য ঃ **৪,১৮০/- (চার হাজার একশত আশি)** টাকা এবং মানবিক শাখার জন্য ঃ **৩,৭৪০/- (তিন হাজার সাতশত চল্লিশ) টাকা।** মসজিদ ফি যাদের প্রযোজ্য নয় **(নন-মুসলিম) তাদের উপরে বর্ণিত নির্ধারিত ফি থেকে ৫০/- (পঞ্চাশ) টাকা কম হবে।**

## ২। ফি পরিশোধ করার নিয়ম :

(ক) উপায় / বিকাশ / রকেট / সোনালী ই-ওয়ালেট/সেল-পিন **APPS** লগইন করতে হবে।

(খ) উপায় / বিকাশ ক্ষেত্রে **Education Fee** এবং রকেট / সোনালী ই-ওয়ালেট / সেল-পিন এর ক্ষেত্রে **Bill Pay** সিলেক্ট করতে হবে।

(গ) কলেজ **Chittagong College** সিলেক্ট / ট্যাপ করে ***Student ID*** তে **6** ডিজিটের এসএসসি রোলনম্বর লিখে প্রদর্শিত ফি পরিশোধ করে দিতে হবে।

(ঘ) পূরণকৃত ফরম ডাউনলোড করে নিজের কাছে সংগ্রহ করে রাখতে হবে এবং কলেজের নির্ধারিত তারিখে ভর্তি কমিটির নিকট প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে।

অনলাইনে ভর্তি ফরম পূরণের সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ সতর্কতার সাথে নির্বাচন করতে হবেঃ

| বিভাগ | আবশ্যিক বিষয় | চতুর্থ বিষয় (যে কোন একটি নিতে পারবে) |
|---|---|---|
| বিজ্ঞান → | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পদার্থবিজ্ঞান এবং রসায়নবিজ্ঞান | উচ্চতর গণিত/ জীববিজ্ঞান/ পরিসংখ্যান/ মনোবিজ্ঞান / ভূগোল |
| | নৈর্বাচনিক বিষয় : যে কোন একটি উচ্চতর গণিত / জীববিজ্ঞান | |
| মানবিক → | বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | অর্থনীতি / সমাজবিজ্ঞান / যুক্তিবিদ্যা / পৌরনীতি ও সুশাসন / ইতিহাস / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / ভূগোল / মনোবিজ্ঞান / পরিসংখ্যান / ইসলামি শিক্ষা |
| | নৈর্বাচনিক বিষয়: যে কোন তিনটি অর্থনীতি, সমাজবিজ্ঞান, যুক্তিবিদ্যা, পৌরনীতি ও সুশাসন, ভূগোল, ইতিহাস অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | |
| আবশ্যিক বিষয় ঃ ইতিহাস / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি নির্বাচন করলে চতুর্থ বিষয় হিসেবে ইতিহাস অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি কোনটিই নেয়া যাবে না। আবশ্যিক বিষয় হিসেবে ভূগোল নিলে চতুর্থ বিষয় হিসেবে মনোবিজ্ঞান / পরিসংখ্যান নেয়া যাবে না। | | |

*ভর্তি ফরম পূরণের সময় বিষয় নির্বাচনের ক্ষেত্রে সঠিকতা যাচাই করে উপায়/রকেট/বিকাশ/সেল-পিন/সোনালী ই-ওয়ালেড এর মাধ্যমে ভর্তি ফি জমাদিয়ে পেমেন্ট স্লিপ সংগ্রহ করে ০২ কপি নিজের কাছে সংরক্ষণ করবে। পরবর্তী ভর্তি সংক্রান্ত নিম্নবর্ণিত কাগজপত্র কমিটির নিকট জমা দিতে হবে।*

৩। অনলাইন হতে সংগৃহীত কলেজ ভর্তির আবেদনফরম।

৪। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর অনলাইন কপি এবং উহার ২ সেট ফটোকপি

৫। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসা পত্র এবং উহার ০২ সেট ফটোকপি।

৬। ভর্তি ফি জমা (উপায়/বিকাশ/রকেট সোনালী ই-ওয়ালেট/সেল পিন) পেমেন্টের রশিদ।

৭। পাসপোর্ট সাইজের ০৪ কপি এবং স্ট্যাম্প সাইজের ০১ কপি (ছবির পেছনে নাম লিখতে হবে)

৮। ১২´´× ১৫ ´´ সাইজের একটি বড় খাম, খামের উপরে আবেদনকারীর পিতার-মাতার নাম উল্লেখপূর্বক যোগাযোগের ঠিকানাসহ এসএসসি পরীক্ষার রোল নম্বর, রেজিঃনম্বর, ক্লাস রোল নম্বর ও মোবাইল নম্বর উল্লেখ করে বড় অক্ষরে স্পষ্টভাবে লিখতে হবে।

নিম্নবর্ণিত ভবন ও কক্ষে কাগজপত্র আগামী ২১.০৯.২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত জমাদিতে হবে (কোটায় উত্তীর্ণ শিক্ষার্থী ব্যতীত) :

| বিভাগ | ভবনের নাম (একাডেমিক-০৩) এর কক্ষসমূহ | ফি পরিশোধের পর SMS এ প্রাপ্ত ক্লাস রোল নম্বর |
|---|---|---|
| বিজ্ঞান → | একা-৩-১০৪ | ০০১ থেকে ১০০ |
| | একা-৩-৩০১ | ১০১ থেকে ২০০ |
| | একা-৩-৩০২ | ২০১ থেকে ৩০০ |
| | একা-৩-৩০৪ | ৩০১ থেকে ৪০০ |
| | একা-৩-৩০৫ | ৪০১ থেকে ৫০০ |
| | একা-৩-৪০৪ | ৫০১ থেকে ৬০০ |
| | একা-৩-৪০৫ | ৬০১ থেকে অবশিষ্ট |
| মানবিক → | ভবনের নাম (একাডেমিক-০৩) এর কক্ষসমূহ | |
| | একা-৩-৫০১ | ০০১ থেকে ১০০ |
| | একা-৩-৫০২ | ১০১ থেকে ২০০ |
| | একা-৩-৫০৪ | ২০১ থেকে ৩০০ |
| | একা-৩-৫০৫ | ৩০১ থেকে অবশিষ্ট |

*** মুক্তিযোদ্ধা (FQ)/ শিক্ষা (EQ) কোটায় ভর্তির ক্ষেত্রে আগামী ২০.০৯.২০২৬ খ্রি.তারিখ সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টার মধ্যে শিক্ষার্থীদেরকে সশরীরে উদ্ভিদবিজ্ঞান বিভাগের ৩০২ নং কক্ষে কলেজের ভর্তি কমিটির আহ্বায়কের নিকট উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিলপূর্বক উপায়/রকেট/বিকাশ/সোনালী ই-ওয়ালেট-এর মাধ্যমে ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে।

*** মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে:**

(ক) প্রার্থীর এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সত্যায়িত ফটোকপি

(খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূল কপি ও সত্যায়িত ফটোকপি

(গ) মুক্তিযোদ্ধা সন্তান শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং সত্যায়িত ফটোকপি

(ঘ) শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন এর কপি

(চ) অনলাইন থেকে ডাউনলোডকৃত তথ্য যেখানে মুক্তিযোদ্ধার (স্বামী/স্ত্রীর নামসহ) সন্তানদের নাম অন্তর্ভূক্ত রয়েছে তার কপি ও সত্যায়িত ফটোকপি

(ছ) ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ও সত্যায়িত ফটোকপি।

**শিক্ষা কোটার জন্য :**

ক) প্রার্থীর এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সত্যায়িত ফটোকপি

খ) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এর মূল কপি ও সত্যায়িত কপি । সংশ্লিষ্ট কর্মকর্তা প্রতিষ্ঠানের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র এর মূল কপি ও সত্যায়িত ফটোকপি

ঘ) বিশেষ চাহিদা সম্পন্ন / প্রবাসীদের সন্তান / বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী / খেলাধূলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে শিক্ষা বোর্ড ব্যবস্থা গ্রহণ করবে।

*** একাদশ শ্রেণির ক্লাস আগামী ২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ হতে চলমান ক্লাস রুটিন অনুযায়ী আরম্ভ হবে। শিক্ষার্থীদের রুটিন দেখে ক্লাসে অংশগ্রহণের নির্দেশ প্রদান করা হল।

**** শিক্ষার্থীদের পরিচয়পত্র সংগ্রহের নির্দেশনাঃ প্রয়োজনীয় ভর্তি ফি এবং ক্লাস রোলনম্বর প্রাপ্তির পর* **https://ctgcollege.eshiksabd.com/register.php** *প্রবেশ করে* **Sign In** *এর নীচে* **Register Now** *ক্লিক করে ক্লাস রোলনম্বর দিয়ে পাসওয়ার্ড তৈরি করতে হবে।* **Back to Login** *ক্লিক করে পুনরায় ক্লাস রোলনম্বর এবং পূর্বে প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে প্রবেশ করে আইডি কার্ড সংগ্রহ করতে পারবে। কোনরকমে পাসওয়ার্ড ভুলে যাওয়া যাবে না।*

প্রতি স্বাক্ষর :

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)
আইডি নম্বর : ০০০০৮৫২৮
অধ্যক্ষ,
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(প্রফেসর ড. মো: আবুল কাশেম)
অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ
এবং
আহ্বায়ক
একাদশ ভর্তি কমিটি ২০২৬-২০২৭
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম